গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
নিয়ামতপুর, নওগাঁ।
www.fisheries.niamatpur.naogaon.gov.bd

স্মারক নং- ৩৩.০২.৬৪৬৯.৫০১.০৪.০০৯.২৫.১২১

তারিখ: ২৯ শ্রাবণ, ১৪৩২ ব.
১৩ আগস্ট, ২০২৫ খ্রি.

## কোটেশন বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত পোনা ব্যবসায়ী/মৎস্য ব্যবসায়ী/খামার মালিক/হ্যাচারী মালিকদের অবগতির জন্য জানা যাচ্ছে যে, নওগাঁ জেলার নিয়ামতপুর উপজেলার নির্বাচিত জলাশয়ে রুই, কাতলা, মৃগেল, কালবাউস ও ঘনিয়া ১০-১৫ সেঃমিঃ আকারের মাছের পোনা ক্রয় ও অবমুক্তকরণের জন্য নিম্ন বর্নিত শর্ত সাপেক্ষে কোটেশন দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সমূহ আগামী ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে (২০/০৮/২০২৫ খ্রিঃ) তারিখ বেলা ১২.৩০ ঘটিকা পর্যন্ত নিম্ন স্বাক্ষকারীর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করা যাবে এবং ঐদিন বেলা ১.০০ টার সময় কমিটির উপস্থিতিতে দরপত্রসমূহ খোলা হবে।

### শর্তাবলী:

১। প্রতিকেজি মাছের গড় মূল্য অংকে ও কথায় নিজ প্যাডে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
২। কোটেশনে উল্লেখিত দর বর্তমান বাজার দরের সহিত সঙ্গাতিপূর্ণ হতে হবে।
৩। দরদাতাকে, সুস্থ, সবল ও রোগমুক্ত জীবন্ত পোনা নিজ খরচে কার্যাদেশে উল্লেখিত স্থানে (পোনা বুঝে না দেওয়া পযন্ত সংরক্ষণের দায়িত্ব সরবরাহকারীর নিজের।
৪। দরদাতাকে হালনাগাদ ট্রেড লাইসেন্স ও আয়কর সনদের সত্যায়িত ফটোকপি কোটেশনের সহিত দাখিল করতে হবে।
৫। দরদাতাকে রুই,কাতলা, মৃগেল (১০-১৫ সেঃমিঃ) আকারের (রুই-৪০%, কাতলা-৩০%, মৃগেল-৩০%) সুস্থ, সবল ও রোগমুক্ত পোনা সরবরাহ করতে হবে।
৬। কার্যাদেশ প্রদানের ০৭ (সাত) দিনের মধ্যে নির্ধারিত স্থান সমূহে পোনা মাছ সরবরাহ করতে হবে।
৭। বিল হতে সরকারী বিধি মোতাবেক আয়কর/ভ্যাট কর্তন করা হবে এবং কোন প্রকার আংশিক বিল প্রদান করা হবে না।
৮। উপরোক্ত শর্তাবলী ছাড়াই কর্তৃপক্ষ প্রয়োজনে আরও শর্তাবলী আরোপ করতে পারেন এবং যে কোন কোটেশন বাতিল করা ক্ষমতা সংরক্ষণ করেন।
৯। আর্থিক সংকুলানের প্রেক্ষিতে কার্যাদেশে পোনার পরিমান কম/বেশী হতে পারে।
১০। পোনা গ্রহণের এক ঘন্টা পূর্বে পোনাগুলো হাপায় পুকুর/জলমহালের পানির সংগে খাপ খাওয়াতে হবে।
১১। সরবরাহের উদ্দেশে আনিত পোনা কোন কারণে পোনাগ্রহণকারীর নিকট গ্রহণযোগ্য না হলে তা বাতিল বলে গণ্য হবে।
১২। সংশ্লিষ্ট জলাশয়ে ভৌত বা অবস্থানগত কারণে কর্তৃপক্ষ জলাশয় পরিবর্তন এবং যে কোন সময় পোনা গ্রহণ বন্ধ করে দিতে পারেন তবে যতটুকু পোনা দেয়া হয়েছে ইহার বিল প্রদান করা হবে|
১৩। কার্যাদেশ প্রাপ্তির পর পোনা সরবরাহ দিয়ে ২ (দুই) প্রস্থ বিল নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করতে হবে।
১৪। উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদন ও মঞ্জুরী আদেশ প্রাপ্তি সাপেক্ষে বিল প্রদান করা হবে।
১৫। আগামী ১৪/০৮/২০২৩ খ্রি. তারিখ বিকাল ৩.০০ টার মধ্যে উপজেলা মৎস্য দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে কোটেশন দাখিল করতে হবে।

১৩/০৮/২৫

(মোহাঃ শরীফ উল আলম)
উপজেলা মৎস্য কর্মকর্তা (চ.দা.)
নিয়ামতপুর, নওগাঁ।
ও
সদস্য সচিব
জলাশয় নির্বাচন, পোনামাছ সংগ্রহ ও অবমুক্তকরণ
কমিটি।

স্মারক নং- ৩৩.০২.৬৪৬৯.৫০১.০৪.০০৯.২৫.১২১

তারিখ: ২৯ শ্রাবণ, ১৪৩২ ব.
১৩ আগস্ট, ২০২৫ খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১। উপজেলা নির্বাহী অফিসার, নিয়ামতপুর, নওগাঁ।
২। উপজেলা কৃষি অফিসার, নিয়ামতপুর, নওগাঁ।
৩। উপজেলা প্রাণিসম্পদ অফিসার, নিয়ামতপুর, নওগাঁ।
৪। উপজেলা সমাজ সেবা অফিসার, নিয়ামতপুর, নওগাঁ।
৫। উপজেলা ~~সমবায়~~ অফিসার, নিয়ামতপুর, নওগাঁ।
৬। জনাব, মো: আনোয়ার হোসেন
৭। নোটিশ বোর্ড ।
৮। সংশ্লিষ্ট নথি।

১৩/০৮/২৫

উপজেলা মৎস্য কর্মকর্তা (চ.দা.)
নিয়ামতপুর, নওগাঁ।